গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২১/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ।

সভাপতি	ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ	ঃ ২১/০৬/২০১৬ খ্রিঃ
সভার সময়	ঃ সকাল ১০.০০ টা।
সভার স্থান	ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধে যুগ্ম সচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কারো কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	**National ICT Policy-2009-এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ** ঃ সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সচিব সবাইকে নিয়মিত ই-মেইল ব্যবহার এবং ই-মেইল এর যোগাযোগ আরও বাড়ানোর পরামর্শ প্রদান করেন। আওতাধীন সংস্থাসমূহের প্রধানগণ এখন থেকে নিয়মিত সচিব-কে ই-মেইল প্রদান করবেন। প্রতি সপ্তাহের যে কোন ১ দিন ১ ঘন্টা ব্যাপী কম্পিউটারের মৌলিক বিষয়ের উপর মন্ত্রণালয়ে প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে গত সভার সিদ্ধান্ত থাকা সত্ত্বেও এ বিষয়ে কার্যক্রম গ্রহণ না করায় সচিব অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী সভার পূর্বে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন।	National ICT Policy-2009 এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে ই-মেইল ও ডাকযোগে প্রেরণ করতে হবে। সংস্থার কর্মকর্তাবৃন্দ নিয়মিত সচিব-কে ই-মেইল করাসহ কোন বিষয়ে চাহিত প্রতিবেদন বা তথ্য ই-মেইলে প্রদান করবেন। এছাড়া মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ নিয়মিত ই-মেইল ব্যবহার করবেন এবং মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট কম্পিউটারের উপর সপ্তাহের যে কোন একটি দিন ১ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।	যুগ্ম-সচিব (সকল)/ উপসচিব(সকল) / সিনি:সহ:সচিব (সকল)/ সহকারী সচিব (সকল)/সিনিঃসহঃ প্রধান, সহকারী প্রোগ্রামার এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ।
২।	**মন্ত্রণালয়ের ওয়েব সাইট** ঃ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইট আধুনিকায়ন এবং তথ্য-ভান্ডার সমৃদ্ধকরণের কার্যক্রম চলমান রয়েছে বলে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। সকল সংস্থার হালনাগাদকৃত ওয়েবসাইট এ সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করার সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়ন না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। মন্ত্রণালয় এবং সংস্থাগুলোর ওয়েব সাইট প্রতি মাসের যে কোন ১দিন পরিদর্শন করা হবে। পত্রাদি নিয়মিত ডাকযোগে প্রেরণের পাশাপাশি ই-মেইলে প্রদান এবং নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার উপর গুরুত্বারোপ করা হয়। সচিব সকল কর্মকর্তাদের নিয়মিত ই-	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংস্থাগুলোর ওয়েবসাইট হালনাগাদ করে আগামী সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা, কর্মশালা ও অন্যান্য বিষয়ক তথ্য ওয়েব-সাইটে প্রকাশের জন্য নোটিশের একটি কপি সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট বরাবর প্রেরণ করতে হবে। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এবং	যুগ্ম-সচিব (প্রশাসন) / উপসচিব (সকল) /তথ্য কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ আইসিটি স্পেশালিষ্ট এবং মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

	মেইল চেক করতে অনুরোধ করেন এবং চাহিত তথ্যাদির পত্রাদি দ্রুতসময়ের মধ্যে নিষ্পত্তির জন্য তথ্য প্রেরণ করার পরামর্শ প্রদান করেন।	সচিব এর বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও এ সংক্রান্ত প্রতিবেদনের ছবি Caption সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	
৩।	**জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর প্রসংগে ঃ** জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অগ্রগতি হয়েছে মর্মে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেনঃ		
	(১) রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবার পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষা বিভাগ এবং খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তরিত চুক্তি অনুযায়ী পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশনা দেয়ার জন্য পুণরায় পত্র প্রেরণ করতে হবে।	১) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(২) তিন পার্বত্য জেলায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর আওতাধীন অফিসসমূহ তিন পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে পুণরায় তাগিদপত্র দিতে হবে।	২) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(৩) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জেলা সড়কসমূহ তিন পার্বত্য জেলা পরিষদের অনুকূলে হস্তান্তরের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে যোগাযোগ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বরাবর গত ১৬/৯/২০১৫ তারিখে পুণরায় একটি উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে।	৩) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(৪) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং তিন পার্বত্য জেলা পরিষদের মধ্যে গত ২৮/৮/২০১৪ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং চুক্তি কার্যকর করার জন্য ঐ মন্ত্রণালয় বরাবর গত ২৭/১০/২০১৫ তারিখ পুণরায় পত্র দেয়া হয়েছে।	৪) কাঙ্খিত ফলাফল অর্জন না করা পর্যন্ত কার্যক্রম চলমান রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	(৫) বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসাবে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন ও হস্তান্তরিত বিভাগ/দপ্তরসমূহের বরাদ্দকৃত বাজেটের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের বরাদ্দ প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের প্রেষণ, বদলি ও পদায়নের বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য গত ২৩/০৮/২০১৫ তারিখে হস্তান্তরিত সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র এবং গত ২৭/১০/২০১৫ তারিখে হস্তান্তরিত ১৩টি মন্ত্রণালয়ের সচিবদের নিকট এ মন্ত্রণালয় পুনঃ তাগিদপত্র প্রেরণ করেছে।	৫) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	তিন পার্বত্য জেলা পরিষদসমূহে হস্তান্তরিত বিভাগের কার্যক্রমের এখতিয়ার কতটুকু জেলা পরিষদের হাতে ন্যস্ত আছে তার সার-সংক্ষেপ তৈরি করে আগামী ১৫ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সচিব তিন পার্বত্য জেলার মুখ্য নির্বাহী কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।	নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তরিত বিভাগের কার্যক্রমের তালিকার সার-সংক্ষেপ তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) ও মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ, তিন পার্বত্য জেলা পরিষদ

৪।	**এনজিও প্রতিবেদন সংক্রান্ত ঃ** প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল, ২০১২ সনের পরিপত্র অনুযায়ী পার্বত্য জেলা পরিষদগুলো এনজিও সংক্রান্ত সভা আয়োজন ও এনজিওগুলোর কার্যক্রম সমন্বয় করবে। এ লক্ষ্যে তিন পার্বত্য জেলা পরিষদ থেকে এনজিও সংক্রান্ত সভার কার্যবিবরণী এবং সভার নোটিশ এ মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা হয়। তিন পার্বত্য জেলায় কর্মরত এনজিওসমূহের সমন্বিত তালিকা সংগ্রহ করে সমন্বিত করে বই আকারে প্রকাশের জন্য প্রশাসন শাখায় প্রেরণ করা হয়েছে।	বই তৈরি কাজ শেষ পর্যায়ে আছে। তৈরিকৃত বই হতে এনজিওদের সকল কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত সুবিধাজনক সময়ে তাদেরকে কয়েকটি ভাগে ভাগ করে নিয়মিত নিয়ে সভা আহ্বান করতে হবে।	উপসচিব (সমন্বয়-২)/ অধীনস্থ সংস্থাসমূহের মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
৫।	**সাংগঠনিক কাঠামোতে পদ সৃষ্টি সংক্রান্ত ঃ** মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ পদ সৃষ্টির প্রয়োজনীয় কাগজপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী অতি শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে আলোচনা হয়।	মন্ত্রণালয়ের ১ম ও ২য় শ্রেণির পদে নিয়োগের বিষয়ে যুগ্ম-সচিব জনাব প্রিয়জ্যোতি খীসা এবং উপসচিব মিজ্ বিদুষী চাকমা ব্যক্তিগত যোগাযোগ করবেন। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থাসমূহ পদ সৃষ্টির প্রয়োজনীয় কাগজপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) /উপসচিব (উন্নয়ন)/ /অধীনস্থ সংস্থার মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ।
৬।	**জলবায়ু সেলঃ** সভায় তিন পার্বত্য জেলার প্রতিষ্ঠানগুলোতে জলবায়ু সেলের ফান্ড এর অধীনে প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা হয়। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ 'বান্দরবান পার্বত্য জেলায় দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে মিশ্র ফল চাষ প্রকল্প' এর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণে করেছে। দুই পার্বত্য জেলায় জেলা পরিষদের মাধ্যমে জলবায়ু সেল গঠনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।	তিন পার্বত্য জেলা পরিষদে সরেজমিনে তদারকির মাধ্যমে জলবায়ু সেলের অধীনে প্রকল্প গ্রহণ করতে হবে।	যুগ্ম-সচিব (সমন্বয়)/ প্রধান নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা পরিষদ।
৭।	**বিবিধঃ** (১) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থাকে নিয়ে ২১/০৬/২০১৬ তারিখের শুদ্ধাচার সম্পর্কিত একটি সভা অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অত্র মন্ত্রণালয় এবং অধীনস্থ সংস্থাসমূহের জানুয়ারি ২০১৫ হতে জুন ২০১৬ মেয়াদের কর্মপরিকল্পনা প্রণয়ন করে তিন মাস অন্তর অন্তর অধীনস্থ সংস্থাগুলোকে এ সম্পর্কিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ এবং মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। ২) **অগ্রিম অনুচ্ছেদ ও সাধারণ আপত্তিঃ** ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনযোগ্য ১০৪টি অগ্রিম অনুচ্ছেদে উল্লিখিত আপত্তি নিয়ে গত ৩০-৩১ মার্চ, ২০১৬ তারিখ রাঙ্গামাটিতে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। আগামী জুলাই, ২০১৬ মাসে খাগড়াছড়িতে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হবে। বান্দরবান জেলার সংস্থাসমূহের অগ্রিম অনুচ্ছেদে বর্ণিত আপত্তিসমূহ স্থানীয় ও রাজস্ব অফিসের কর্মকর্তা মনোনয়ন পাওয়া গেলে ত্রিপক্ষীয় সভা আহ্বান করা হবে। সাধারণ আপত্তিসমূহ সংস্থা পর্যায়ে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহে তাগিদ পত্র দেয়া হয়েছে।	১) আওতাধীন সংস্থাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করে স্ব স্ব সংস্থার ওয়েবসাইটে এবং ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২) অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে তিন জেলাতে জরুরী ভিত্তিতে দ্বিপক্ষীয় ও প্রয়োজনে ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তি নিশ্চিত করতে হবে। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও খাগড়াছড়ি বাজার সংস্থা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এবং রাঙ্গামাটি বাজার ফান্ড সংস্থা দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	১) ভাইস-চেয়ারম্যান, পাচউবো, অধীনস্থ সংস্থাসমূহের মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ, মন্ত্রণালয় ও অধীনস্থ সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ। ২) অতিরিক্ত সচিব (প্রশাসন)/ উপসচিব (পরিষদ-২)/ স্ব স্ব সংস্থার মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ।